# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ১ ২ ৬

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ মানব ভূগোল ভূগোল শাস্ত্রের অন্যতম গুরুত্বপূর্ণ শাখা। মানুষ এবং মানুষের কর্মকান্ড মানব ভূগোলের আলোচ্য বিষয়। মানুষ ও তার পারিপার্শ্বিক প্রাকৃতিক পরিবেশের সাথে মানব সৃষ্ট পরিবেশের সমন্বয় সাধন ও বিশ্লেষণ হলো মানব ভূগোলের প্রধান দিক।

ক. মানব ভূগোলের সংজ্ঞা দাও। ১

খ. মানব ভূগোলের বিভিন্ন শাখাগুলোর নাম লিখ। ২

গ. মানব ভূগোলের বিষয়বস্তু বর্ণনা কর। ৩

ঘ. মানব ভূগোল পাঠের প্রয়োজনীয়তা বর্ণনা কর। ৪

২. ▶ জনসংখ্যা একটি গতিশীল বাস্তুসংস্থান সম্পর্কীয় বিষয়। ভূগোলবিদ্যার এক বিরাট অংশ জুড়ে রয়েছে মানুষ, জনসংখ্যা, মানুষের অভিগমন, মানুষের আর্থ-সামাজিক ক্রিয়াকলাপ ও তার প্রভাব বিশ্লেষণ।

ক. জনসংখ্যা বলতে কি বুঝ? ১

খ. জনসংখ্যার জনমিতিক উপাদানগুলোর নাম লিখ। ২

গ. জনসংখ্যা অভিগমনের কারণগুলো বর্ণনা কর। ৩

ঘ. জনমিতিক ট্রানজিশনাল মডেলের আলোকে বাংলাদেশের জনসংখ্যার বিবরণ দাও। ৪

৩. ▶ পৃথিবীর বিভিন্ন অর্থনৈতিক কর্মকান্ডের মধ্যে কৃষি প্রাথমিক অর্থনৈতিক কাজ। সময়ের বিবর্তনে প্রয়োজনের তাগিদে যুগ যুগ ধরে বিভিন্ন দেশে এর পরিবর্তন। ফলে এর সাথে তাল মিলিয়ে এর গুরুত্বের পরিবর্তন সাধিত হচ্ছে।

ক. কৃষির সংজ্ঞা দাও। ১

খ. কৃষিকাজের ভৌগোলিক নিয়ামকগুলোর নাম লিখ। ২

গ. বাংলাদেশের কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার বর্ণনা কর। ৩

ঘ. বিশ্বব্যাপী ধানের উৎপাদন বর্ণনা কর। ৪

http://teachingbd.com

৪.▶ বর্তমানে বিশ্ব দ্রুতগতিতে কৃষি থেকে শিল্পের দিকে অগ্রসর হচ্ছে। অনুকুল বিভিন্ন নিয়ামকের উপর ভিত্তি করে বিভিন্ন শিল্প বিভিন্ন দেশে গড়ে উঠে। বাংলাদেশেও বিশ্বের সাথে তাল মিলিয়ে শিল্প ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে।

ক. শিল্প কাকে বলে? ১

খ. বাংলাদেশের উল্লেখযোগ্য পাঁচটি চিনিকলের নাম লিখ। ২

গ. বাংলাদেশের চিনি শিল্পের বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের পোশাক শিল্পে নারী শ্রমিকের অবদান আলোচনা কর। ৪

৫.▶ পৃথিবীর অধিকাংশ খাদ্য, কাঁচামাল, জ্বালানি এবং সকল শিল্প দ্রব্যই নানা বাণিজ্যিক বিনিময়ের মধ্য দিয়ে অবশেষে ক্রেতাদের হাতে পৌঁছে। বর্তমান সময়ের মানুষের পূর্বাপেক্ষা উন্নত জীবনযাপনের অন্যতম কারণ হচ্ছে বাণিজ্য।

ক. বাণিজ্য কাকে বলে? ১

খ. বিশ্বের সর্বোচ্চ রপ্তানিকারক দেশ ও পণ্যের নাম লিখ। ২

গ. বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের বৈশিষ্ট্যাবলী বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশে বৈদেশিক মুদ্রা অর্জনে জনশক্তির ভূমিকা বর্ণনা কর। ৪

৬.▶ দূর্যোগ হলো একটি মারাত্মক পরিস্থিতি যা প্রাকৃতিক বা মানব সৃষ্ট কারণে দেখা যায়। এ পরিস্থিতি চলমান সমাজ জীবনকে গভীরভাবে ব্যাহত করে এবং মানুষ, সম্পদ ও পরিবেশের এত ক্ষতি সাধন করে যা মোকাবেলায় একটি সমাজকে বিশেষ পদক্ষেপ গ্রহণ করতে হয়।

ক. প্রাকৃতিক দূর্যোগ কাকে বলে? ১

খ. মানব সৃষ্ট দূষণগুলোর নাম লিখ। ২

গ. উন্নয়নমূলক কর্মকান্ডে পরিবেশ বান্ধব পরিকল্পনার গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. গ্রীণ হাউস প্রভাবের ফলে কীভাবে জলবায়ু পরিবর্তন হচ্ছে ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

# ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট পূর্ণমান — ৩৫ বিষয় কোড : ১ ২ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি?**
ক এশিয়া খ ইউরোপ
গ আফ্রিকা ঘ আমেরিকা

**২. দক্ষিণ এশিয়ার অন্তর্গত দেশ হলো—**
i. বাংলাদেশ
ii. ভারত
iii. চীন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩. সাহারা মরুভূমি কোন মহাদেশে অবস্থিত?**
ক এশিয়া খ ইউরোপ
গ আফ্রিকা ঘ ওশেনিয়া

**৪. ভারতের কোন দিকে সমুদ্র আছে?**
ক উত্তর খ দক্ষিণ
গ পূর্ব ঘ পশ্চিম

**৫. জাপানের বৃহত্তম দ্বীপের নাম কী?**
ক কিউসু খ হনসু
গ হোক্কাইডো ঘ শিকুকু

**৬. পঞ্চগড় জেলা কোন বিভাগের অন্তর্গত?**
ক সিলেট খ খুলনা
গ রাজশাহী ঘ রংপুর

**৭. বাংলাদেশের সাথে কোন কোন দেশের সীমান্ত রয়েছে?**
ক ভারত ও চীন
খ ভারত ও পাকিস্তান
গ ভারত ও মিয়ানমার
ঘ ভারত ও নেপাল

**৮. অভিগমনের আকর্ষণজনিত কারণ হলো—**
i. চাকরির সুযোগ
ii. অধিক উপার্জনের সুযোগ
iii. রাজনৈতিক অস্থিরতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. বাংলাদেশ জনসংখ্যা বৃদ্ধির কোরন স্তরে রয়েছে?**
ক প্রথম স্তরে খ দ্বিতীয় স্তরে
গ তৃতীয় স্তরে ঘ চতুর্থ স্তরে

**১০. বাংলাদেশের কোন ধরনের অঞ্চলে জনসংখ্যা সবচেয়ে কম?**
ক সমতল ভূমি
খ উপকূলীয় অঞ্চলে
গ পাহাড়ি অঞ্চলে
ঘ দ্বীপ অঞ্চলে

**১১. জনসংখ্যার জনমিতিক বৈশিষ্ট্য কোনটি?**
ক অর্থ উপার্জন খ বসতবাড়ি তৈরি
গ অভিগমন ঘ বেকারত্ব

**১২. 'জনমিতিক ট্রানজিশন মডেল' কে প্রদান করেন?**
ক টিএস থমসন খ ট্রিওয়ার্থা
গ টমাস ম্যালথাস ঘ মার্শাল

**১৩. বাংলাদেশের বিল বা হাওড় অঞ্চরে কোন ধরনের বসতি দেখা যায়?**
ক সারিবন্ধ বসতি
খ বিচ্ছিন্ন বসতি
গ অনুকেন্দ্রিক বসতি
ঘ বিক্ষিপ্ত বসতি

**১৪. সুন্দরবন কোন বিভাগের অন্তর্গত?**
ক রাজশাহী খ খুলনা
গ সিলেট ঘ চট্টগ্রাম

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**

পিংকি, মেহনাজ ও আইভি গ্রীষ্মের ছুটিতে কক্সবাজার বেড়াতে গেলো। সেখানে গিয়ে প্রাকৃতিক সৌন্দর্য ও বৈচিত্র্যময় সাগর তীর দেখে তারা মুগ্ধ হলো।

**১৫. কক্সবাজার কেন বিখ্যাত?**
ক চা শিল্পের জন্য
খ খনিজ সম্পদের জন্য
গ পর্যটন শিল্পের জন্য
ঘ কাগজ শিল্পের জন্য

Teachingbd.com

http://teachingbd.com

১৬. কক্সবাজার জেলা কোন বিভাগের অন্তর্গত?
ⓚ ঢাকা ⓚ খুলনা
ⓖ সিলেট ⓖ চট্টগ্রাম

১৬. কক্সবাজার জেলা কোন বিভাগের অন্তর্গত?

(ক) ঢাকা (খ) খুলনা

(গ) সিলেট (ঘ) চট্টগ্রাম

১৭. 'সোনারগাঁ' কোন সময়ের নগরায়ণ?

(ক) প্রাচীনকালের

(খ) মধ্যযুগের

(গ) ইংরেজ আমলের

(ঘ) সাম্প্রতিককালের

১৮. ঢাকা নগরী কত সালে গড়ে ওঠে?

(ক) ১৬০০ (খ) ১৬১০

(গ) ১৬৫১ (ঘ) ১৭৫৭

১৯. এস্কিমোদের বাসগৃহ কোনটি?

(ক) ঝোপনা (খ) হটপট

(গ) ইগলু (ঘ) পেঙ্গুইন

২০. প্রত্যহ সকালে ও বিকালে বসে—

(ক) হাট (খ) বাজার

(গ) কোনটিই নয় (ঘ) দুটিই

২১. গম চাষের জন্য কত সেন্টিমিটার বৃষ্টিপাত প্রয়োজন?

(ক) ৫০-৭৫ সে.মি.

(খ) ৭০-৯০ সে.মি.

(গ) ৯০-১১০ সে.মি.

(ঘ) ১৫০-২০০ সে.মি.

২২. 'পরিমিত মোটা' কোন মাটির বুনন বৈশিষ্ট্য?

(ক) কাদা মাটি (খ) দোআঁশ মাটি

(গ) পলি মাটি (ঘ) বালি মাটি

২৩. উৎপাদনের দিক থেকে পৃথিবীর প্রধান কৃষি পণ্য কোনটি?

(ক) ধান (খ) গম

(গ) আলু (ঘ) ভুট্টা

২৪. সিলেট জেলায় কোন ধান ভালো হয়?

(ক) আমন (খ) আউশ

(গ) বোরো (ঘ) ইরি

২৫. কোনটি লৌহ সংকর ধাতু?

(ক) তামা (খ) রূপা

(গ) দস্তা (ঘ) স্টিল

২৬. বিশ্বে তেল উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?

(ক) সৌদি আরব (খ) আমেরিকা

(গ) চীন (ঘ) রাশিয়া

২৭. বাংলাদেশে কত সালে প্রথম গ্যাস ক্ষেত্র আবিষ্কৃত হয়?

(ক) ১৯৫৫ সালে (খ) ১৯৫৭ সালে

(গ) ১৯৬১ সালে (ঘ) ১৯৬৫ সালে

২৮. বাংলাদেশে সবচেয়ে বড় গ্যাসক্ষেত্রের নাম কী?

(ক) বিবিয়ানা (খ) কৈলাশটিলা

(গ) বসুন্ধরা (ঘ) তিতাস

২৯. সিমেন্ট শিল্পের প্রধান কাঁচা মাল কোনটি?

(ক) চুনাপাথর (খ) কয়লা

(গ) প্রাকৃতিক গ্যাস (ঘ) গ্রাফাইট

৩০. কুষ্টিয়া ও পাবনা অঞ্চলের মাঝে কোন রেল সেতু অবস্থিত?

(ক) যমুনা সেতু (খ) ভৈরব সেতু

(গ) বড়াল ব্রিজ (ঘ) হার্ডিঞ্জ ব্রিজ

৩১. চিনি রপ্তানিতে বিশ্বের শীর্ষ দেশ কোনটি?

(ক) চীন (খ) যুক্তরাষ্ট্র

(গ) ব্রাজিল (ঘ) রাশিয়া

৩২. বাংলাদেশ সবচেয়ে বেশি তৈরি পোশাক রপ্তানি করে কোন দেশে?

(ক) ফ্রান্সে (খ) ব্রিটেনে

(গ) চীনে (ঘ) যুক্তরাষ্ট্রে

৩৩. পরিবেশ অধিদপ্তর থেকে ইটভাটার চিমনিগুলোর উচ্চতা কত ফুটের নিচে হতে পারবে না বলা হয়েছে?

(ক) ১২০ ফুট (খ) ১৪০ ফুট

(গ) ১৫০ ফুট (ঘ) ১৮০ ফুট

৩৪. কোন গ্যাসীয় পদার্থ বায়ুমণ্ডলের ওজন স্তরকে ধ্বংস করছে?

(ক) কার্বন ডাইঅক্সাইড

(খ) হাইড্রোজেন

(গ) সিএফসি

(ঘ) হিলিয়াম

৩৫. কত সালে ঘূর্ণিঝড় 'সিডর' বাংলাদেশে আঘাত হেনেছিল?

(ক) ২০০৫ সালে (খ) ২০০৬ সালে

(গ) ২০০৭ সালে (ঘ) ২০০৯ সালে

Teachingbd.com

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ |
| | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | গ | | | | | | | | | | |

http://teachingbd.com